গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
www.sadarsunamganj.gov.bd

**সুনামগঞ্জ সদর উপজেলার হাওর সমূহে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ক্ষতিগ্রস্ত বাঁধ মেরামত, নদী/খাল পুন:খননের লক্ষ্যে কাবিটা স্কীম প্রণয়ন ও বাস্তবায়নকল্পে উপজেলা বাস্তবায়ন ও মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী:**

সভাপতি : সালমা পারভীন, উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
তারিখ ও সময় : ২৪/১১/২০২২ খ্রি, সময়-সকাল ১০.০০ ঘটিকা।
সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় সভাপতি বলেন যে, ২০২২-২০২৩ অর্থ বছরে আগাম বন্যার কবল হতে বোরো ফসল রক্ষার্থে যেসকল স্থানে নতুন করে ডুবন্ত বাঁধ নির্মাণ করা প্রয়োজন সে সকল বিষয় বিবেচনায় ইউনিয়ন পর্যায়ে প্রকাশ্য সাধারণ সভা/মতবিনিময় সভা/ইউনিয়ন পরিষদের মাসিক/বিশেষ সভা আয়োজনক্রমে আয়োজিত সভার ছবি ও কার্যবিবরণীসহ স্কীম প্রস্তাব প্রেরণের জন্য তার কার্যালয়ের ০৬/১০/২০২২ তারিখের ১৯৯০ নং স্মারক এবং ০২/১১/২০২২ তারিখের ২০৯৭ নং স্মারকে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বরাবরে পত্র প্রেরণ করা হয়। প্রেরিত পত্রের প্রেক্ষিতে জাহাঙ্গীরনগর, রঙ্গারচর, সুরমা, কুরবাননগর, লক্ষণশ্রী, মোহনপুর, কাঠইর এবং গৌরারং ইউনিয়ন হতে স্কীম প্রস্তাব পাওয়া যায়। তবে মোল্লাপাড়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান তার ইউনিয়নে কোন স্কীম প্রস্তাব নেই মর্মে তার কার্যালয়ের ০৩/১১/২০২২ তারিখের ২০২২/৫৭ নং স্মারকে পত্র প্রেরণ করেন মর্মে তিনি সভাকে অবহিত করেন। তিনি ইউনিয়ন পর্যায়ে গৃহীত স্কীমসমূহের বিষয়ে জনগণকে অবহিত করণের লক্ষ্যে এলাকায় বহুল প্রচার এবং ইউনিয়ন পর্যায়ে গৃহীত স্কীমসমূহ ইউনিয়ন ওয়েবপোর্টালে আপলোড করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ জানান। তিনি "সংশোধিত কাবিটা নীতিমালা-২০১৭" অনুযায়ী হাওর রক্ষা বাঁধের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়ন এবং যথাসময়ে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর বলেন যে, হাওরের ফসল রক্ষা করার জন্য হাওর রক্ষা বাঁধ অতীব জরুরী। তবে স্কীম নির্বাচন যদি সঠিক হয় তাহলে হাওরের ফসল রক্ষা পাবে। তিনি স্কীম নির্বাচনের ক্ষেত্রে যথেষ্ট আন্তরিক হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। যে সকল হাওরে বাঁধের কোন প্রয়োজন নেই সেখানে যাতে কোন স্কীম গ্রহণ করা না হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখতে হবে। তিনি আরও বলেন যে, হাওর রক্ষা বাঁধের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। তিনি এ বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ জানান।

সভায় সদস্য সচিব জনাব মোহাম্মদ আশরাফুল সিদ্দিকী সভা আহবানের বিষয়বস্তু এবং "সংশোধিত কাবিটা নীতিমালা-২০১৭" উপস্থাপন করেন। তিনি বলেন যে, উক্ত নীতিমালার আলোকে ২০২২-২০২৩ অর্থ বছরে ইউনিয়ন পর্যায়ে স্কীম নির্বাচন করাই আজকের সভার মূল উদ্দেশ্য। তিনি জানান যে, গত ১২/১১/২০২২ তারিখ হতে মাঠ পর্যায়ে জরিপ কাজ চলছে। জরিপ কাজ সরেজমিনে পরিদর্শন করার জন্য তিনি কমিটির সকল সদস্যকে অনুরোধ জানান। তিনি ইউনিয়ন হতে প্রাপ্ত স্কীমসমূহ সভায় উপস্থাপন করেন এবং এ বিষয়ে সকলের মতামত প্রদানের জন্য অনুরোধ জানান।

**জাহাঙ্গীরনগর ইউনিয়ন :**

সভায় সদস্য সচিব জনাব মোহাম্মদ আশরাফুল সিদ্দিকী বলেন যে, জাহাঙ্গীরনগর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান তাঁর কার্যালয়ের ২৩/১০/২০২২ তারিখের ৪৬.০০.৯০৮৯.০৯৫.০৪.০০১ নং স্মারকে ০৪টি প্রকল্প প্রস্তাব দাখিল করেন। উক্ত প্রকল্প প্রস্তাব তিনি সভায় পাঠ করে শুনান। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং কমিটির সদস্যবৃন্দের মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত প্রকল্পসমূহ গ্রহণ করা হয়।

| ক্র:নং | গৃহীত স্কীমের নাম | কমিটির সিদ্ধান্ত |
|---|---|---|
| ০১ | চলতি নদীর বামতীর হতে কাইয়ারগাঁও বীর মুক্তিযোদ্ধা বজলু হাজীর বাড়ি হতে জাহাঙ্গীরনগর ইউনিয়নের শেষ প্রান্ত পর্যন্ত বাঁধ মেরামত। | প্রকল্পটি সর্বসম্মতভাবে গৃহীত হয়েছে। |
| ০২ | ধলাই নদীর মঙ্গলকাটা রাবার ড্যাম থেকে ছোট কালনার হাওর পর্যন্ত বেরী বাঁধ নির্মাণ। | প্রকল্পটি বিশেষ কমিটির মাধ্যমে যাচাই-বাছাই করার সিদ্ধান্ত গৃহীত হয়। |

**রঙ্গারচর ইউনিয়ন :**

সভায় সদস্য সচিব জনাব মোহাম্মদ আশরাফুল সিদ্দিকী বলেন যে, রঙ্গারচর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান তাঁর কার্যালয়ের ০৮/১১/২০২২ তারিখের ২০২২/৪০১ নং স্মারকে ০৫টি প্রকল্প প্রস্তাব দাখিল করেন। উক্ত প্রকল্প প্রস্তাব তিনি সভায় পাঠ করে শুনান। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং কমিটির সদস্যবৃন্দের মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত প্রকল্পসমূহ গ্রহণ করা হয়।

| ক্রঃনং | গৃহীত স্কীমের নাম | কমিটির সিদ্ধান্ত |
|---|---|---|
| ০১ | কালনার হাওরের স্লুইস গেট হতে বৃন্দাবননগর হয়ে রংপুর এলজিইডির রাস্তা পর্যন্ত ভাঙ্গা ও বাঁধ মেরামত। | প্রকল্পটি সর্বসম্মতভাবে গৃহীত হয়েছে। |
| ০২ | বিরামপুর লঞ্চঘাট হতে ভল্লবপুর কাটা গাং পর্যন্ত ভাঙ্গা ও বাঁধ মেরামত। | প্রকল্পটি সর্বসম্মতভাবে গৃহীত হয়েছে। |
| ০৩ | ভল্লবপুর ইট ভাটা হতে আদারবাজার পর্যন্ত ভাঙ্গা ও বাঁধ মেরামত। | প্রকল্পটি সর্বসম্মতভাবে গৃহীত হয়েছে। |
| ০৪ | হরিণাপাটি শওকত আলীর বাড়ি হতে আলাউদ্দিনের বাড়ি হয়ে ইটভাটা রজাক আলীর বাড়ি পর্যন্ত নতুন বাঁধ নির্মাণ ও মেরামত। | প্রকল্পটি সর্বসম্মতভাবে গৃহীত হয়েছে। |

**সুরমা ইউনিয়ন :**

সভায় সদস্য সচিব জনাব মোহাম্মদ আশরাফুল সিদ্দিকী বলেন যে, সুরমা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান তাঁর কার্যালয়ের ০৮/১০/২০২২ তারিখের ২০২২/১৪২ নং স্মারকে ০৭টি প্রকল্প প্রস্তাব দাখিল করেন। উক্ত প্রকল্প প্রস্তাব তিনি সভায় পাঠ করে শুনান। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং কমিটির সদস্যবৃন্দের মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত প্রকল্পসমূহ গ্রহণ করা হয়।

| ক্রঃনং | গৃহীত স্কীমের নাম | কমিটির সিদ্ধান্ত |
|---|---|---|
| ০১ | শিল্লার হাওরের মাঝের বেরীবাঁধ মেরামত। | প্রকল্পটি সর্বসম্মতভাবে গৃহীত হয়েছে। |
| ০২ | শিল্লার হাওরের কাড়ার মুখে ব্রীজের তলায় বাঁধ নির্মাণ। | প্রকল্পটি সর্বসম্মতভাবে গৃহীত হয়েছে। |
| ০৩ | মইনপুর গ্রামের বড় খালের মুখ হতে হাগুরা ডুবি হাওরের কাঠের ব্রীজের নীচ পর্যন্ত খাল খনন। | প্রকল্পটি সর্বসম্মতভাবে গৃহীত হয়েছে। |
| ০৪ | কালা মিয়ার বাড়ির সামনে থেকে অলীর বাজার হয়ে চামার বাড়ির সামনে গৌরারং ইউনিয়নের সীমানা পর্যন্ত বেরী বাঁধ নির্মাণ। | প্রকল্পটি সর্বসম্মতভাবে গৃহীত হয়েছে। |
| ০৫ | ছোট কালনার হাওরের রাঙ্গাপুটি হয়ে ছোট কালনার হাওরের বেরীবাঁধ নির্মাণ। | প্রকল্পটি সর্বসম্মতভাবে গৃহীত হয়েছে। |
| ০৬ | জাহাঙ্গীরনগর ইউনিয়নের শেষ মাথা হতে বালাকান্দা বাজারের উত্তর পর্যন্ত চলতি নদীর পাড়ের বেরী বাঁধ নির্মাণ। | প্রকল্পটি বিশেষ কমিটির মাধ্যমে যাচাই-বাছাই করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৭ | বালাকান্দা বাজার হতে মুসলিমপুর পর্যন্ত বেরী বাঁধ নির্মাণ। | প্রকল্পটি বিশেষ কমিটির মাধ্যমে যাচাই-বাছাই করার সিদ্ধান্ত গৃহীত হয়। |

**কুরবাননগর ইউনিয়ন :**

সভায় সদস্য সচিব জনাব মোহাম্মদ আশরাফুল সিদ্দিকী বলেন যে, কুরবাননগর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান তাঁর কার্যালয়ের ০৯/১১/২০২২ তারিখের ৯০.৮৯.১০.২০২২-৬৬ নং স্মারকে ০৪টি প্রকল্প প্রস্তাব দাখিল করেন। উক্ত প্রকল্প প্রস্তাব তিনি সভায় পাঠ করে শুনান। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং কমিটির সদস্যবৃন্দের মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত প্রকল্পসমূহ গ্রহণ করা হয়।

| ক্রঃনং | গৃহীত স্কীমের নাম | কমিটির সিদ্ধান্ত |
|---|---|---|
| ০১ | নবীনগর সুমন স-মিল হতে ধারাগাঁও খেয়াঘাট হয়ে সুরমা ভ্যালি পার্কের সামনে রইছ উদ্দিনের বাড়ির সামনা পর্যন্ত বেরীবাঁধ মেরামত। | প্রকল্পটি বিশেষ কমিটির মাধ্যমে যাচাই-বাছাই করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০২ | গোদারগাঁও শফিকের বাড়ির সামনের রাস্তা হতে আজিজ বিক্রস পর্যন্ত নির্মিত ফসল রক্ষা বাঁধ মেরামত করন। | প্রকল্পটি সর্বসম্মতভাবে গৃহীত হয়েছে। |

| | | |
|---|---|---|
| ০৩ | ব্রাহ্মণগাঁও আজিজ ব্রিক্স ফিল্ড হতে হানিফ উল্লাহর বাড়ি পর্যন্ত নির্মিত ফসল রক্ষা বাঁধ মেরামত করণ। | প্রকল্পটি সর্বসম্মতভাবে গৃহীত হয়েছে। |

**লক্ষণশ্রী ইউনিয়ন :**

সভায় সদস্য সচিব জনাব মোহাম্মদ আশরাফুল সিদ্দিকী বলেন যে, লক্ষণশ্রী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান তাঁর কার্যালয়ের ০৬/১১/২০২২ তারিখের ২০২২/৯৯ নং স্মারকে ০৪টি প্রকল্প প্রস্তাব দাখিল করেন। উক্ত প্রকল্প প্রস্তাব তিনি সভায় পাঠ করে শুনান। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং কমিটির সদস্যবৃন্দের মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত প্রকল্পসমূহ গ্রহণ করা হয়।

| ক্র:নং | গৃহীত স্কীমের নাম | কমিটির সিদ্ধান্ত |
|---|---|---|
| ০১ | কোইরার ক্লোজার বন্ধকরণ ও বাঁধ পুন:নির্মাণ। | প্রকল্পটি বিশেষ কমিটির মাধ্যমে যাচাই-বাছাই করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০২ | টলামারা স্লুইস গেটের উত্তরে বাঁধ নির্মাণ। | প্রকল্পটি বিশেষ কমিটির মাধ্যমে যাচাই-বাছাই করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৩ | টলামারা দক্ষিণের ক্লোজার বাঁধ মেরামত। | প্রকল্পটি বিশেষ কমিটির মাধ্যমে যাচাই-বাছাই করার সিদ্ধান্ত গৃহীত হয়। |

**মোহনপুর ইউনিয়ন :**

সভায় সদস্য সচিব জনাব মোহাম্মদ আশরাফুল সিদ্দিকী বলেন যে, মোহনপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান তাঁর ইউনিয়নে গত ০৮/১১/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর মাধ্যমে ২০টি প্রকল্প প্রস্তাব দাখিল করেন। উক্ত প্রকল্প প্রস্তাব তিনি সভায় পাঠ করে শুনান। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং কমিটির সদস্যবৃন্দের মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত প্রকল্প গ্রহণ করা হয়।

| ক্র:নং | গৃহীত স্কীমের নাম | কমিটির সিদ্ধান্ত |
|---|---|---|
| ০১ | দেওয়াননগর পূর্বপাড়া মক্তব হতে ভৈষবেড় কিবরিয়ার বাড়ি পর্যন্ত বাঁধ মেরামত। | প্রকল্পটি সর্বসম্মতভাবে গৃহীত হয়েছে। |

**কাঠইর ইউনিয়ন :**

সভায় সদস্য সচিব জনাব মোহাম্মদ আশরাফুল সিদ্দিকী বলেন যে, কাঠইর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান তাঁর ইউনিয়নে গত ০৬/১১/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর মাধ্যমে ১১টি প্রকল্প প্রস্তাব দাখিল করেন। উক্ত প্রকল্প প্রস্তাব তিনি সভায় পাঠ করে শুনান। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং কমিটির সদস্যবৃন্দের মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত প্রকল্পসমূহ গ্রহণ করা হয়।

| ক্র:নং | গৃহীত স্কীমের নাম | কমিটির সিদ্ধান্ত |
|---|---|---|
| ০১ | জগজীবনপুরের দক্ষিণের হাওরের বেরীবাঁধের মুখ হতে জগজীবনপুর এলজিইডির সড়ক পর্যন্ত বেরীবাঁধ নির্মাণ। | প্রকল্পটি বিশেষ কমিটির মাধ্যমে যাচাই-বাছাই করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০২ | কাঠইর নুরুল আমিনের বাড়ির সামনে থেকে কাঠইর জামে মসজিদের উত্তর পূর্ব দিক হয়ে দিরাই রাস্তার ব্রীজ এর গুড়া পর্যন্ত বেরী বাঁধ মেরামত। | প্রকল্পটি সর্বসম্মতভাবে গৃহীত হয়েছে। |
| ০৩ | কান্দাগাঁও বেরী বাঁধের কালভার্ট হতে কুইরিয়ারখাল পর্যন্ত বেরী বাঁধ নির্মাণ। | প্রকল্পটি সর্বসম্মতভাবে গৃহীত হয়েছে। |
| ০৪ | কলাইয়া মাদ্রাসা হতে দিরাই রোডের ব্রীজের মুখ পর্যন্ত বেরী বাঁধ মেরামত। | প্রকল্পটি সর্বসম্মতভাবে গৃহীত হয়েছে। |
| ০৫ | কলাইয়া আব্দুর রহমানের বাড়ির সামনের বেরীবাঁধ মেরামত। | প্রকল্পটি সর্বসম্মতভাবে গৃহীত হয়েছে। |

**গৌরারং ইউনিয়ন :**

সভায় সদস্য সচিব জনাব মোহাম্মদ আশরাফুল সিদ্দিকী বলেন যে, গৌরারং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান তাঁর কার্যালয়ের ০৮/১০/২০২২ তারিখের ১৬২৫/২২ নং স্মারকে ২১টি প্রকল্প প্রস্তাব দাখিল করেন। উক্ত প্রকল্প প্রস্তাব তিনি সভায় পাঠ করে শুনান। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং কমিটির সদস্যবৃন্দের মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত প্রকল্পসমূহ গ্রহণ করা হয়।

| ক্র:নং | গৃহীত স্কীমের নাম | কমিটির সিদ্ধান্ত |
|---|---|---|
| ০১ | উপেন্দ্রনগর হতে কামারটুক নয়াহাটির স্লুইস গেটের মধ্যবর্তী স্থানে ০২টি ভাঙ্গা মেরামত। | প্রকল্পটি সর্বসম্মতভাবে গৃহীত হয়েছে। |
| ০২ | নাপিতখালী হতে জগাইরগাঁও পর্যন্ত বেরী বাঁধ মেরামত। | |
| ০৩ | নলোয়ারপাড় লুৎফুর এর বাড়ী হতে গজারিয়ার টেক হয়ে বড্ডোয়ার এর খলার পাশ দিয়ে হরিনগর এর কালী মন্দির হয়ে হাবিবুর এর বাড়ির পাশ দিয়ে এলজিইডির রাস্তা পর্যন্ত বেরীবাঁধ নির্মাণ। | প্রকল্পটি সর্বসম্মতভাবে গৃহীত হয়েছে। |
| ০৪ | ভাটি সাফেলা হাজী বাড়ির বাঁধ, সেনপাড়ার বাঁধ, বড় বিলের বাঁধ ও উজান সাফেলা নাথ হাটির বেরীবাঁধ নির্মাণ। | প্রকল্পটি সর্বসম্মতভাবে গৃহীত হয়েছে। |
| ০৫ | ইনাতনগর মতিনের বাড়ি হতে রামনগর আব্দুন নূরের বাড়ি পর্যন্ত বেরী বাঁধ মেরামত। | প্রকল্পটি সর্বসম্মতভাবে গৃহীত হয়েছে। |
| ০৬ | রাজারগাঁও খাল হতে সদরগড় আনিছা বাজার পর্যন্ত বেরী বাঁধ মেরামত। | প্রকল্পটি সর্বসম্মতভাবে গৃহীত হয়েছে। |
| ০৭ | নিয়ামতপুর হতে ডিসির হাউজ পর্যন্ত বেরীবাঁধ মেরামত। | প্রকল্পটি সর্বসম্মতভাবে গৃহীত হয়েছে। |
| ০৮ | সোনাপুর হতে অলির বাজার পর্যন্ত বেরী বাঁধ পুন:নির্মাণ। | প্রকল্পটি সর্বসম্মতভাবে গৃহীত হয়েছে। |
| ০৯ | জিরাগনদীর মুখের বেরীবাঁধ নির্মাণ। | প্রকল্পটি সর্বসম্মতভাবে গৃহীত হয়েছে। |

**মোল্লাপাড়া ইউনিয়ন :**

চেয়ারম্যান, মোল্লাপাড়া ইউনিয়ন পরিষদ, সুনামগঞ্জ সদর সভায় বলেন যে, দুদকের মামলা থাকার কারণে কোন প্রকল্প প্রস্তাব প্রেরণ করা হয়নি। তবে ২০১৭-১৮ অর্থ বছরে মোল্লাপাড়া ইউনিয়নের ডেকার হাওরে পানি উন্নয়ন বোর্ডের যে বাঁধ নির্মাণ করা হয়েছিল উক্ত প্রকল্পটি ২০২২-২৩ অর্থ বছরে গ্রহণ করার প্রস্তাব তিনি সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে জনাব বীরমুক্তিযোদ্ধা আবু সুফিয়ান, সদস্য, উপজেলা কমিটি বলেন যে, উক্ত প্রকল্পটি চলতি অর্থ বছরে গ্রহণ করার প্রয়োজন নেই। এ বিষয়ে জনাব মো: খায়রুল হুদা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর মোল্লাপাড়া ইউনিয়ন হতে প্রকল্প প্রস্তাব জরুরীভিত্তিতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করার জন্য চেয়ারম্যান, মোল্লাপাড়া ইউনিয়ন পরিষদকে অনুরোধ জানান। প্রকল্প প্রাপ্তির পর তা যাচাই-বাছাই করা হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

সভায় ইউনিয়ন পরিষদ হতে প্রাপ্ত প্রকল্পসমূহের মধ্যে যে সকল প্রকল্পের যাচাই-বাছাই করার প্রয়োজন সে সকল প্রকল্পসমূহ যাচাই-বাছাই করার জন্য বিশেষ কমিটি গঠনের প্রয়োজন রয়েছে মর্মে সভাপতি ও সদস্যবৃন্দ অভিমত ব্যক্ত করেন।

উপরোক্ত বিষয়াদি নিয়ে সভায় বিশদভাবে আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত ও অনুমোদিত হয়।

**সিদ্ধান্ত সমূহ ঃ**

০১. মোল্লাপাড়া ইউনিয়ন হতে জরুরীভিত্তিতে ২০২২-২০২৩ অর্থ বছরের স্কীম প্রস্তাব প্রেরণের জন্য চেয়ারম্যান, মোল্লাপাড়া ইউনিয়ন পরিষদকে অনুরোধ জানানো হয়।

০২. ২০২২-২০২৩ অর্থ বছরে সুনামগঞ্জ সদর উপজেলার ০৮টি ইউনিয়ন হতে প্রাপ্ত প্রকল্পসমূহের মধ্যে উপজেলা কমিটি কর্তৃক গৃহীত প্রকল্পসমূহ সদয় অনুমোদনের জন্য জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয় বরাবরে অনুরোধ জানানো হয়।

০৩. ইউনিয়ন পরিষদ হতে প্রাপ্ত প্রকল্প সমূহের মধ্যে যে সকল প্রকল্পের যাচাই-বাছাই প্রয়োজন সে সকল প্রকল্পসমূহের প্রয়োজনীয়তা আছে কিনা তা সরেজমিন যাচাই-বাছাই করার জন্য ০৪ সদস্য বিশিষ্ট নিম্নরূপ বিশেষ কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। গঠিত কমিটি আগামী ০২/১২/২০২২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে সম্পৃক্ত কওে প্রকল্পসমূহ সরেজমিন পর্যবেক্ষণ ও যাচাই-বাছাই করে অগ্রাধিকার ভিত্তিতে বিস্তারিত প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

| | | | |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। | আহ্বায়ক | ০১৭২২-১০৭২৫৪ |
| ০২ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। | সদস্য | ০১৭৫২-৪৭৬৪৫১ |
| ০৩ | জনাব বীরমুক্তিযোদ্ধা আবু সুফিয়ান, সদস্য, উপজেলা কমিটি বাস্তবায়ন ও মনিটরিং কমিটি, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। | সদস্য | ০১৭১১-৯৫৫১৯২ |
| ০৪ | জনাব মোহাম্মদ আশরাফুল সিদ্দিকী (বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধি) | সদস্য | ০১৭১০-৭৮০৩১৮ |

**বিবিধ :** অনেক সময় দেখা যায় বাঁধে মাটি ভরাটের ক্ষেত্রে স্থানীয় জনগণ মাটি দিতে অস্বীকৃতি জানায় বা নানারকম বিশৃংখলার সৃষ্টি করে। এ বিষয়ে স্থানীয় জনগণের সাথে আলাপ আলোচনাক্রমে বাঁধে মাটি ভরাটের ক্ষেত্রে কোন ধরণের বাঁধা যাতে সৃষ্টি না হয় সে বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত ও অনুমোদিত হয়।

**সিদ্ধান্ত সমূহ ঃ**

**০১.** ইউনিয়ন পর্যায়ে গৃহীত স্কীমসমূহের বিষয়ে জনগণকে অবহিত করণের লক্ষ্যে এলাকায় বহুল প্রচার এবং স্কীমসমূহ ইউনিয়ন ওয়েবপোর্টালে আপলোড করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ জানানো হয়।

**০২.** স্থানীয় পর্যায়ে বাঁধ নির্মাণে মাটি প্রাপ্তির বিষয়ে সমস্যা নিরসনে অগ্রীম পরিকল্পনা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, সদস্যবৃন্দ ও স্থানীয় কৃষকদের সম্পৃক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সালমা পারভীন
উপজেলা নির্বাহী অফিসার
ও সভাপতি
কাবিটা বাস্তবায়ন ও মনিটরিং কমিটি
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

স্মারক.নং : ০৫.৪৬.৯০৮৯.০০০.২২.০২০.২২.২১৯১ তারিখ : ২৪ নভেম্বর, ২০২২ খ্রি.।

**অনুলিপি : সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১. মাননীয় সংসদ সদস্য, ২২৭, সুনামগঞ্জ-৪ আসন, সুনামগঞ্জ।
০২. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৪. পুলিশ সুপার, সুনামগঞ্জ।
০৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট পওর সার্কেল, পানি উন্নয়ন বোর্ড, শাহী ঈদগাহ, সিলেট।
০৬. নির্বাহী প্রকৌশলী, সুনামগঞ্জ পওর বিভাগ-১, বাপাউবো, সুনামগঞ্জ।
০৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

**অনুলিপি : অবগতি ও কার্যার্থে**

০৮. উপজেলা ............................................................................................................ কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল) ও সদস্য, কাবিটা বাস্তবায়ন ও মনিটরিং কমিটি, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
০৯. অফিসার ইনচার্জ, সুনামগঞ্জ সদর মডেল থানা, সুনামগঞ্জ।
১০. জনাব মোহাম্মদ আশরাফুল সিদ্দিকী, উপ-সহকারী প্রকৌশলী, সুনামগঞ্জ পওর বিভাগ-১, বাপাউবো, সুনামগঞ্জ ও সদস্য সচিব, কাবিটা বাস্তবায়ন ও মনিটরিং কমিটি, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১১. চেয়ারম্যান ....................................ইউপি (সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১২. জনাব ..................................................................................................................... মনোনীত সদস্য, কাবিটা বাস্তবায়ন ও মনিটরিং কমিটি, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১৩. অফিস কপি/সংরক্ষণ নথি।

সালমা পারভীন
উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
Email-unosunamganj@mopa.gov.bd